

কলা স্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

কোর্স : ইউ.জি./৪.২

রবীন্দ্র সাহিত্য : পর্ব ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর লেখো।

প্রশ্নগুলির মান সমান

- ১। ‘চোখের বালি’-তে মাঝে মাঝেই আসে ‘বিষবৃক্ষ’ উপন্যাসের কথা। রবীন্দ্রনাথ নিজেও একভাবে ‘সূচনা’তে তোলেন এই উপন্যাসের প্রসঙ্গ। বিষয়টি তোমাকে কীভাবে ভাবায়?

অথবা

- ২। “চোখের বালির গল্পকে ভিতর থেকে ধাক্কা দিয়ে দারুণ করে তুলেছে মায়ের ঈর্ষা।” — মন্তব্যটি বিচার করে এই বিষয়ে তোমার ভাবনা জানাও।

- ৩। ‘মানসী’ বইয়ের অন্তর্গত ‘একাল ও সেকাল’ কবিতাটি কালিদাস ও জয়দেবের কাব্য ছুঁয়ে আছে ঠিকই, কিন্তু এটি আদতে এই এখনকার কবিতা—বর্তমানের কথা বলাই তার উদ্দেশ্য। কবিতাটি সংক্ষেপে আলোচনা করে বুঝিয়ে দাও এই মন্তব্যের পক্ষে না বিপক্ষে তোমার অবস্থান। ১০

অথবা

- ৪। ‘সোনার তরী’ কাব্যগ্রন্থের ‘হৃদয় যুমনা’ কবিতাটিতে ধাপে ধাপে মরণের আহ্বান কীভাবে ফুটে উঠেছে সংক্ষেপে আলোচনা করো। ১০

১০

[Turn over

- ৫। গল্পের নাম ‘স্বীর পত্র’, গল্পের বাইরের চেহারাও স্পষ্টত চিঠির, অথচ গল্পের প্রায় গোড়াতেই মৃগাল লিখছে, “এ তোমাদের মেজোবউয়ের চিঠি নয়”। — বিষয়টি তুমি কীভাবে পড়তে চাও জানাও। ১০

অথবা

- ৬। নল-দময়ন্তী যাত্রাপালার একটি অতি তুচ্ছ গান কীভাবে ‘আপদ’ গল্পের অপরিহার্য অঙ্গ হয়ে উঠেছে ব্যাখ্যা করো। ১০

- ৭। ‘ডাকঘর’ নাটকে কেন বারবার ফিরে এসেছে কোথাও বেরিয়ে পড়বার ডাকের কথা যুক্তিসহ আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

- ৮। ‘ডাকঘর’ নাটকের সমাপ্তি সম্পর্কে তোমার অভিমত জানাও। ১০